তারিখ 12 JAN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৫

সংবাদ

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে গত রেভববার সকাল ১০টায় ক্যাম্পাসের স্বাধীনতা স্মারকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবী। এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইব্রাহীম কবীর, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ড. আবু ছালেহ মোহাম্মদ ওয়াদুদুর রহমানসহ, বঙ্গবন্ধু হলের সহকারী প্রভোস্ট বেলাল আহমেদসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। অন্যদিকে দুপুর ১টায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের উদ্যোগে র‍্যালি ও আলোচনাসভার আয়োজন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান শিশির, সাধারণ সম্পাদক মোস্তফা মাহমুদ হাসান, সিনিয়র সহ-সভাপতি আরিফুল ইসলাম, যুগ্ম সম্পাদক ইমতিয়াজ বসুনিয়া, সাংগঠনিক সম্পাদক নাকিবুল কায়েস নাকিব, মেহের মাহমুদ শাওন এবং সংগঠনের প্রায় শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।